

# জগন্নাথ

প্রিন্ট: ০৮ নভেম্বর ২০২৫, ০৮:২৩ পিএম

## শিক্ষান্তর

# জকসু নির্বাচনের তফশিল বুধবার



জবি প্রতিনিধি

প্রকাশ: ০৮ নভেম্বর ২০২৫, ০১:০৫ পিএম



বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এই প্রথম ছাত্রসংসদ নির্বাচন পেতে যাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

আগামীকাল বুধবার (৫ নভেম্বর) আনুষ্ঠানিকভাবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ নির্বাচনের (জকসু) তফশিল ঘোষণা করা হবে। এদিন নির্বাচনের চূড়ান্ত আচরণবিধি প্রকাশ করা হবে।

মঙ্গলবার (৪ নভেম্বর) বেলা ১২টার দিকে যুগান্তরের সঙ্গে আলাপকালে এ তথ্য নিশ্চিত করেন প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোস্তফা হাসান।

অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন, আগামীকাল বুধবার (৫ নভেম্বর) জকসু নির্বাচনের তফশিল ঘোষণা করা হবে। তখন নির্বাচনের তারিখ জানা যাবে। আমরা আগামীকাল নির্বাচনের আচরণবিধি ও চূড়ান্তভাবে প্রকাশ করব। তফশিল এবং আচরণবিধি নিয়ে কাজ করছি। আপাতত এর চেয়ে বেশি কিছু বলতে চাই না। আগামীকাল আনুষ্ঠানিক ব্রিফিংয়ে বিস্তারিত সবকিছু জানানো হবে।

এছাড়া বিভিন্ন ছাত্রসংগঠনের দাবি-দাওয়া বিষয়ে কমিশনের অবস্থান জানতে চাইলে অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন, আমরা তাদের তাদের দাবিগুলো শুনেছি। তবে এ বিষয়ে অতিরিক্ত কোনো কথা বলা সমীচীন মনে করছি না।

এর আগে গত ৩০ অক্টোবর রাতে জকসু নির্বাচনের খসড়া আচরণবিধি প্রকাশ করা হয়। এতে প্রার্থী হওয়ার ক্ষেত্রে ডোপটেস্ট বাধ্যতামূলক করা হয়।

### ভোটারপ্রতি ১০ টাকা ব্যয় করতে পারবেন প্রার্থী

এরপর রোববার আচরণবিধি ও নির্বাচনের তারিখ বিষয়ে মতামত জানতে ছাত্র সংগঠনের নেতা ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করা হয়।

গত ২৯ অক্টোবর সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা হাসানকে প্রধান নির্বাচন কমিশনার করে জকসু নির্বাচনের জন্য পাঁচ সদস্যের নির্বাচন কমিশন গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সহকারী নির্বাচন কমিশনার হিসেবে রয়েছেন আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কানিজ ফাতেমা কাকলি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো. জুলফিকার মাহমুদ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আনিসুর রহমান।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এই প্রথম ছাত্রসংসদ নির্বাচন পেতে যাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।